

৩৬০

দৈনিক ইত্তেফাক

JAN. 5 1999
 তারিখ
 পৃষ্ঠা: ৩৫ কলাম: ৫

রাজশাহী ভাসিটির সিন্ডিকেট ডীন নির্বাচনে হলুদ প্যানেল সংখ্যাগরিষ্ঠ

রাজশাহী বিশ্ববিদ্যালয় হইতে উত্তম কুমার দাস ৷ গতকাল (সোমবার) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ও ডীন নির্বাচনে আওয়ামী লীগ ও বামপন্থী শিক্ষক সমিতিখিত "হলুদ প্যানেল" সিন্ডিকেট, ডীন ও একাডেমিক কাউন্সিলের মোট ১৮টি পদের মধ্যে ১৩ (তের) টিতে জয়ী হইয়াছে। বিএনপি ও জামায়াত সমর্থক শিক্ষকদের "সাদা প্যানেল" জয়ী হইয়াছে চারটি পদে। আইন অনুষদের ডীন পদে 'স্বতন্ত্র' প্রার্থী ডঃ রবিউল হোসেন জয়ী হইয়াছেন।

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

রাজশাহী ভাসিটির

(শেষ পৃষ্ঠার পর)

নির্বাচিত সিন্ডিকেট সদস্যরা হইলেন : 'হলুদ প্যানেল' হইতে প্রফেসর আব্দুল হালিম, প্রফেসর জুলফিকার মতিন, এম. নজরুল ইসলাম এবং 'সাদা প্যানেল' হইতে দেলোয়ার হোসেন ও আবু রেজা তুহিন।

নির্বাচিত ডীনগণ হইলেন : হলুদ প্যানেল হইতে সামাজিক বিজ্ঞান অনুষদ ডঃ এম. মহসিন আলী, জীব ও ভূ-বিদ্যা ডঃ এবিএম জহিরুল হক এবং বিজ্ঞান স্টাডিজ অনুষদ প্রফেসর আনিসুর রহমান। ডীন পদে 'সাদা প্যানেল' হইতে নির্বাচিতরা হইলেন : কলা অনুষদ প্রফেসর মোখলেছুর রহমান এবং বিজ্ঞান অনুষদ প্রফেসর আব্দুর রাজ্জাক। আইন অনুষদের ডীন পদে 'হলুদ প্যানেল'র প্রার্থী প্রফেসর হাবিবুর রহমান (৮ ভোট) মাত্র এক ভোটে পরাজিত হন। এই পদে বিজয়ী ডঃ রবিউল হোসেন ৯ ভোট পান।

একাডেমিক কাউন্সিলে বিজয়ীরা হইলেন ডঃ চিত্তরঞ্জন মিশ্র, ডঃ মুজিবুর রহমান, ডঃ আব্দুর রাজ্জাক, গোলাম ফারুক, আব্দুল বারী ও ছাদেকুল আরেফিন (মাতিন)। পরিকল্পনা ও উন্নয়ন কমিটির একমাত্র পদে জয়ী হইয়াছেন প্রফেসর কাজী তোবারক হোসেন।